

বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের E ইউনিটের অধীনে সমাজবিজ্ঞান, লোক প্রশাসন ও অর্থনীতি বিভাগে ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৪-১৫ এ অংশগ্রহনকারী শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে প্রাথমিকভাবে নির্বাচিত পরীক্ষার্থীদের ফলাফল নিম্নে প্রকাশ করা হল। মেধাভিত্তিতে নিম্নলিখিত শিক্ষার্থীদেরকে সাক্ষাৎকারের জন্য ডাকা হচ্ছে। ভর্তি বিজ্ঞপ্তির শর্ত পূরণ সাপেক্ষে মেধাভিত্তিতে তাদের ভর্তির জন্য আসন বন্টন করা হবে। উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফলাফলের যে কোন ত্রুটি সংশোধনের অধিকার সংরক্ষণ করে। নির্ধারিত সময়ে উপস্থিত হতে ব্যর্থ হলে কোন শিক্ষার্থীকে ভর্তির সুযোগ দেয়া হবে না।

(ক) মেধা তালিকার ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকারঃ ০৭-১২-২০১৪ - ০৮-১২-২০১৪

সময়ঃ সকাল ৯:০০ টা থেকে বিকেল ৪:০০ টা

স্থানঃ ডীন অফিস, সামাজিক বিজ্ঞান অনুষদ।

মেধা তালিকার ছাত্র/ছাত্রীদের ভর্তিঃ ৯-১২-২০১৪ - ১০-১২-২০১৪, সকাল ৯:০০ টা থেকে বিকেল ৪:০০টা

(খ) কোটাভুক্ত (মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী, উপজাতি) শিক্ষার্থীদের সাক্ষাৎকারঃ ১২-১২-২০১৪, বুধবার

সময় ও স্থানঃ সকাল ৯:০০ টা থেকে বিকেল ৪:০০টা, পরিচালকের অফিস, বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব

লিবারেশন ওয়ার এন্ড বাংলাদেশ স্টাডিজ, একাডেমিক ভবন ২য় তলা।

(গ) সাক্ষাৎকারের সময় নিম্নলিখিত কাগজপত্রসমূহ সঙ্গে আনতে হবে-

১। এসএসসি / সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট ও নম্বর পত্র।

২। এইচএসসি/ সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট ও নম্বর পত্র।

৩। এইচএসসি-এর মূল রেজিস্ট্রেশন কার্ড।

৪। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র। (পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।


৫। শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।


৬। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের চার কপি (৪ কপি) ছবি।

৭। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে সাক্ষাৎকারের সময় প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াও মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সার্টিফিকেট সঙ্গে আনতে হবে।

৮। উপজাতি কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে সংশ্লিষ্ট গোত্র প্রধানের সার্টিফিকেট/প্রত্যয়ন পত্র এবং প্রতিবন্ধী কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট / প্রত্যয়ন পত্র সঙ্গে আনতে হবে।

৯। ভর্তির জন্য আনুমানিক ৭৫০০/- টাকা সঙ্গে আনতে হবে।


ডীন
সামাজিক বিজ্ঞান অনুষদ


২৮/১২/২০১৪